



# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH  
CABLE:CHEMICORP TELEX:632216 BCIC BJ.FAX:880-2-9564120.PHONE:PABX:9559281-82,85,9562140-41 www.bcic.gov.bd



সূত্র নং ৩৬.০১.০০০০.১১৭.১৮.৪২০৫(বিটি).২০২৩ ২১৫

তারিখ: ০৫-০২-২০২৩ খ্রি.

## “রেজিস্টার্ড”

জনাব সুদেব কর্মকার (৫৭৪৪-৮)  
সহকারী প্রকৌশলী (কেমিক্যাল)  
যমুনা ফার্টলাইজার কোম্পানী লিমিটেড  
তারাকান্দি, জামালপুর।

বর্তমান + স্থায়ী ঠিকানাঃ-  
জনাব সুদেব কর্মকার  
পিতা : সন্তোষ কর্মকার  
জগন্নাথপুর, চোখচাপাড়ি  
বেড়া, পাবনা-৬৬৮১।

### বিষয় : চাকরি হতে ইস্তফা গ্রহণার্থে নোটিশ-পে ও অন্যান্য পাওনাদি জমা প্রদান।

আপনার গত ২৪-১২-২০২২ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ২৫-১২-২০২২ খ্রি. তারিখ হতে চাকরি থেকে ইস্তফা প্রদানের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, সংস্থার চাকরি বিধিমালা ১৯৮৮ এর ৫৫ (১) উপ ধারা অনুযায়ী কোন কর্মচারী পদত্যাগের ক্ষেত্রে ০৩ (তিন) মাস পূর্বে নোটিশ প্রদান অথবা ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সংস্থাকে পরিশোধ করতে হয়। কিন্তু আপনি কোন নোটিশ প্রদান করেননি। আপনার নিকট নোটিশ পে-বাবদ টা: ৮০,২৮০/- (আশি হাজার দুইশত আশি) ও কারখানার বকেয়া পাওনাদি বাবদ টা: ৭,৬১৬/- (সাত হাজার ছয়শত ষোল) এবং নিয়োগ, প্রশিক্ষণ ও অন্যান্য আনুসঙ্গিক সুযোগ-সুবিধা বাবদ ব্যয়িত টা: ২,০০,০০০/- (দুই লক্ষ) সহ সর্বমোট টা: ২,৮৭,৮৯৬/- (দুই লক্ষ সাতাশি হাজার আটশত ছিয়ানব্বই) টাকা মাত্র সংস্থার পাওনা রয়েছে।

অতএব, আপনার নিকট সংস্থার পাওনা সর্বমোট টা: ২,৮৭,৮৯৬/- (দুই লক্ষ সাতাশি হাজার আটশত ছিয়ানব্বই) মাত্র পত্র জারির ১৫ (পনের) দিনের মধ্যে সংস্থার প্রধান কার্যালয় অথবা জেএফসিএল এর হিসাব বিভাগে জমাদানপূর্বক মূলরশিদ অত্র দপ্তরে দাখিল সাপেক্ষে পদত্যাগের বিষয়টি বিবেচনা করা হবে। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত

০৫.০২.২৩

(মোঃ আনোয়ারুল আজিম)

সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)

চিফ অব পার্সোনেল এর পক্ষে

### সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, জেএফসিএল, তারাকান্দি, জামালপুর।
- ৩। বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ, বিসিআইসি, ঢাকা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন-২, বিসিআইসি, ঢাকা।
- ৬। হিসাব বিভাগীয় প্রধান, জেএফসিএল, তারাকান্দি, জামালপুর।
- ৭। ব্যক্তিগত নথি।

পত্র নং ..... তারিখ.....

জই পি টি বিভাগে প্রাপ্তির তারিখ.....

স্বাক্ষর প্রাপ্তির তারিখ.....

নিষ্পত্তির তারিখ.....